কালের কণ্ঠ

2 6 JAN 2017

# সশস্ত্র বাহিনীর দুই শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক ▷

আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান ঢাকা সেনানিবাসে স্কুল প্রাঙ্গণে সমাপ্ত হয়েছে গতকাল বুধবার। একই দিনে বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলার বার্ষিক সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে।

আইএসপিআর জানায়, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের অনুষ্ঠানে সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল মেজর জেনারেল এস এম মতিউর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্রদের পরিবেশিত মনোজ্ঞ কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ করেন এবং তাঁর সহধর্মিণী সৈয়দা তৌহিদা রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের কমান্ডার ও স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল আবুল মনসুর মো. আশরাফ খান উপস্থিত ছিলেন। প্রধান অতিথি ও বিশেষ অতিথি স্কুল প্রাঙ্গণে এসে পৌঁছলে স্কুলের অধ্যক্ষ লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মনজুর মোরশেদ তাঁদের স্বাগত জানান।

প্রতিযোগিতায় ৫৪ পয়েন্ট পেয়ে ইব্রাহিম হাউস চ্যাম্পিয়ন এবং ৪৮ পয়েন্ট পেয়ে কায়কোবাদ হাউস রানার-আপ হয়। এ প্রতিযোগিতায় ৬৫টি ক্রীড়া ইভেন্টে স্কুলের প্রায় তিন হাজার শিক্ষার্থী অংশ নেয়।

এদিকে বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলার বার্ষিক সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান গতকাল স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। সহকারী বিমান বাহিনী প্রধান (প্রশাসন) এয়ার ভাইস মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কলেজের কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। পরে তিনি কলেজের উদীয়মান শিল্পীদের পরিবেশনায় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। অনুষ্ঠানে বিমান বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষকবৃন্দ, ছাত্রছাত্রী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।